

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬


স্মারক নং ৩৮.০১.০০০০.১৪০.০৯৯.০১০.২০১৬-৬৭৭(৩২৭৫)/১

তারিখ : ১৮ কার্তিক ১৪২৪
০২ নভেম্বর ২০১৭

পরিপত্র

বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে নির্ধারিত সময়ে প্রতিদিন নিয়মিত যথাযথ সম্মান সহকারে সঠিকভাবে জাতীয় পতাকা উত্তোলন, নামানো এবং সংরক্ষণ করা হচ্ছে না মর্মে অভিযোগ রয়েছে। জাতীয় পতাকা দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব, দেশপ্রেম ও মহান মুক্তিযুদ্ধের চেতনার প্রতীক। শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অধ্যয়নরত সকল শিক্ষার্থীর মধ্যে দেশ ও জাতির প্রতি শ্রদ্ধা ও ভালবাসা গড়ে তোলার জন্য জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সংগীত পরিবেশন বাধ্যতামূলক। এ বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ২৬ এপ্রিল ২০১৭ তারিখের ৩৮.০০৮.০৩১.০০.০০.০২৪.২০১৪-২৫২ নং স্মারকমূলে ভবনের আকার আকৃতির উপর ভিত্তি করে জাতীয় পতাকার দৈর্ঘ্য/প্রস্থ অনুপাতে যেটি প্রযোজ্য সেই অনুপাতে জাতীয় পতাকা ব্যবহারের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। তাছাড়া প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ০৭ আগস্ট ২০১৬ তারিখের ৩৮.০১.০০০০.১৪০.০২৭.০৫৫.২০১১-১৫৬/৭১২(১) নং স্মারকমূলে প্রতি কর্মদিবসে প্রত্যেকটি প্রাথমিক বিদ্যালয়ে নিয়মিত যথাসময়ে সঠিকভাবে জাতীয় পতাকা উত্তোলন, সমাবেশ ও জাতীয় সংগীত পরিবেশন করতে হবে মর্মে নির্দেশনা দেয়া সত্ত্বেও অনেক ক্ষেত্রে তা অনুসৃত হচ্ছে না। কোনো কোনো প্রাথমিক বিদ্যালয়ে ফাটা-ছেঁড়া, মলিন ও বিবর্ণ পতাকা উত্তোলন করা হয় যা অনাকাঙ্ক্ষিত, অনভিপ্রেত এবং “জাতীয় পতাকা বিধি-১৯৭২” এর পরিপন্থী ও শাস্তিযোগ্য।

এমতাবস্থায় “জাতীয় পতাকা বিধি-১৯৭২” (www.cabinet.gov.bd) অনুযায়ী সংশ্লিষ্ট সকলকে প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে যথাযথ সম্মান সহকারে জাতীয় পতাকা উত্তোলন, নামানো ও সংরক্ষণ এবং দৈনিক সমাবেশ ও জাতীয় সংগীত পরিবেশন নিশ্চিত করতে হবে।


(বিজয় ভূষণ পাল)

যুগ্ম-সচিব

পরিচালক (পলিসি ও অপারেশন)

ফোন ৫৫০৭৪৯১৮

বিতরণ:

- ১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/বরিশাল/রংপুর/সিলেট বিভাগ।
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/ পিটিআই সুপারিনটেনডেন্ট (সকল)।
- ৩। উপজেলা/ থানা শিক্ষা কর্মকর্তা (সকল)।
- ৪। ইন্সট্রাক্টর, ইউআরসি (সকল)।
- ৫। প্রধান শিক্ষক, বিদ্যালয় (সকল)।
- ৬। অফিস কপি।

সদয় অবগতির জন্য :

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।